

# তারুণ্যের উৎসব

নতুন বাংলাদেশ  
গড়ার লক্ষ্য

সহযোগিতায়:

বাংলাদেশ প্রিমিয়ার লিগ ২০২৫

ডিসেম্বর ৩০, ২০২৪ - ফেব্রুয়ারী ০৮, ২০২৫



## ভূমিকা

বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় দুই-তৃতীয়াংশই তরুণ। দেশের মধ্যম বয়স ২৭। অর্থাৎ অর্ধেক জনগোষ্ঠীর বয়স ২৭ বা এরচেয়ে কম। এতেই বুঝা যায় আমরা সীমাহীন মানব শক্তি, সৃজনশীলতা ও উদ্যোগে ভরা এক দেশে পরিণত হচ্ছে - প্রযুক্তিকে বরণ করে নেওয়ার মাধ্যমে এ দেশ বিশ্বমাঙ্গে দ্রুত এগিয়ে যেতে পারে। এ জাতির রক্তে রক্তে এখন পরিবর্তনের আকাঙ্ক্ষা।

নাগরিকদের সমস্ত মানবাধিকার কেড়ে নেওয়া, দেড় দশক ধরে দেশের সম্পদ লুপ্তন করা ফ্যাসিবাদী শাসকগোষ্ঠীর পতনে নেতৃত্ব দিয়েছে এই তরুণরাই। তাদের ডাকে সারা দিয়েই পুরো জাতি ফ্যাসিবাদ-বিরোধী বিপ্লবে যোগ দেয় এবং নতুন এক বাংলাদেশ গড়ার প্রতিজ্ঞা গ্রহণ করে।

বাংলাদেশ প্রিমিয়ার লিগ (বিপিএল) বাংলাদেশ ক্রিকেট বোর্ড কর্তৃক আয়োজিত একটি পেশাদার টি-টোয়েন্টি লিগ। দেশের অন্যতম শীর্ষ ক্রিকেট লিগ হিসেবে বিপিএল আন্তর্জাতিক পরিসরের খেলোয়াড় এবং দর্শক আকর্ষণ করার পাশাপাশি ঘরোয়া ক্রিকেটের মান উন্নয়নে এবং স্থানীয় প্রতিভা বিকাশে এটি শুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।





নতুন বাংলাদেশ গড়ার স্বপ্নের সঙ্গে সামঞ্জস্য রেখে বিপিএল ২০২৫-কে সাজানো হয়েছে তরুণদের জাতীয় লক্ষ্য অর্জনের একটি সোমান হিসেবে। নতুন আঙ্গিকের এই বিপিএলের লক্ষ্য দেশের ঘূর্ব সমাজকে ঐক্যবন্ধ করা, ক্রিকেটের শক্তিকে কাজে লাগিয়ে পুরো জাতিকে ঐক্যবন্ধ করা। এবং এর মাধ্যমে—শহর, গ্রাম, সুবিধাপ্রাপ্তি, সুবিধাবান্ধিত—সকল শ্রেণির তরুণদের মাঝে সামাজিক ও পরিবেশগত মূল্যবোধ প্রচার করা। এবারের বিপিএল ঢাকা ক্যাপিটালস, চিটাগং কিংস এবং দুর্বার রাজশাহী নামে তিনটি নতুন ফ্র্যাঞ্চাইজি ফরচুন বরিশাল, সিলেট স্ট্রাইকার্স, খুলনা টাইগার্স এবং রংপুর রাইডার্সের সঙ্গে যোগ দেবে।

দেশের তিনটি প্রধান শহর- ঢাকা, চট্টগ্রাম ও সিলেটে অনুষ্ঠিত হবে বিপিএল ২০২৫। এতে করে ক্রিকেটপ্রেমীরা দেশের বিভিন্ন অঞ্চল থেকে এই টুর্নামেন্টের সঙ্গে সম্পৃক্ত হতে পারবে, দেশজুড়ে ক্রিকেট এবং তারণের উদযাপনও বিস্তৃত হবে।

এই টুর্নামেন্টের লক্ষ্য হবে ক্রিকেটের জনপ্রিয়তাকে কাজে লাগিয়ে মানুষকে তার চারপাশের সামাজিক, অর্থনৈতিক ও পরিবেশগত সমস্যাগুলো মোকাবেলা করতে উদ্দৃঢ় করা। এই পৃথিবী ও তার সন্তানদের রক্ষা করতে তরুণদের যে সুপ্তি সন্তাবনা আছে, সে সম্পর্কে সচেতন করতে একটি প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে এই টুর্নামেন্ট



ক্রিকেট ম্যাচ ছাড়াও তরুণদের জন্য অনেক রকম উৎসবের আয়োজন থাকবে এ টুর্নামেন্ট। থাকবে বিভিন্ন প্রতিযোগিতা, ডিসপ্লে, পুরষ্কার বিতরণী। সামাজিক ব্যবসা, পরিবেশগত চ্যালেঞ্জ মোকাবেলা, সামাজিক ও পরিবেশগত সমস্যা সমাধানের জন্য প্রযুক্তির ব্যবহার, সাহিত্য ও সঙ্গীত উৎসব, শিল্প ও

সং

সংকৃতি ভিত্তিক অনেক বিষয়ে প্রতিযোগিতা, নানা দিগন্ত জুড়ে বই উৎসব হবে। এর প্রতিটিই নতুন বাংলাদেশ তৈরির প্রস্তুতি হবে। জুলাই বিপ্লবের মূল লক্ষ্য বাস্তবায়নের প্রস্তুতি।

জুলাই বিপ্লব আমাদের ইতিহাসের একটি শুরুত্বপূর্ণ মূহূর্ত; যেখানে গণতন্ত্র, মানবাধিকার এবং ন্যায়বিচারের জন্য জীবন উৎসর্গ করেছেন সাধারণ জনগণ। অনেকে দেশ ও জাতির ভবিষ্যতের কথা চিন্তা করে আত্মোৎসর্গ করেছেন। বিপ্লবে আহত ও নিহত সকল প্রাণের প্রতি শ্রদ্ধা জানিয়ে শুরু হবে বিপ্লিব। জাতীয় ঐক্যকে অনুপ্রাণিত করার পাশাপাশি অসম্ভবকে সম্ভব করার চেতনাকে প্রচ্ছলিত করতে চায় এই টুর্নামেন্ট। সারা দেশের তরুণ-তরুণীদের উৎসব ও ঐক্যকে দৃঢ় করতে এবং তারুণ্যের শক্তিকে তুলে ধরতে চায় বিপ্লিব। টুর্নামেন্টের লক্ষ্য পরিবেশ ব্যবস্থাপনা এবং তারুণ্যের সাহসিকতার ওপর জোর দিয়ে জুলাই বিপ্লবের চেতনাকে ধরে রাখা, যেখানে তরুণদের দৃঢ়তার সঙ্গে নেতৃত্ব দিতে এবং দ্রুত দেশব্যাপী ইতিবাচক পরিবর্তন আনতে কাজ করার জন্য উত্সাহিত করা হবে।

# ক্রিকেটের শক্তি এবং বাংলাদেশে এর ভূমিকা

ক্রিকেট এমন একটি খেলা যা বিশ্বজুড়ে লাখে মানুষকে অনুপ্রাণিত করে। সারা বিশ্বে ১০০ কোটিরও বেশি মানুষ এই খেলা উপভোগ করে। পেশাদার স্তরে এবং স্থানীয় পর্যায়ে, দুই জায়গাতেই ক্রিকেট উপভোগ্য। যে কারণে সকল স্তরের মানুষ এই খেলার সঙ্গে সম্পূর্ণ হতে পারে। ২০২৩ সালের আইসিসি ক্রিকেট বিশ্বকাপ যার একটি বড় উদাহরণ। বিশ্বজুড়ে এক লক্ষের মতো মানুষ এই খেলার জন্মস্থান বাংলাদেশে দেখতে চাই।

তবে বাংলাদেশে ক্রিকেট খেলার চেয়েও বেশি কিছু। এটি জাতীয় গর্ব ও ঐক্যের প্রতীক। প্রতিটি ম্যাচ দেশের বিভিন্ন অঞ্চল এবং অর্থনৈতিক শ্রেণির মানুষকে একত্রিত করে। বিপিএলের মতো ফ্রাণ্ডাইজি লিগ এই আবেগকে আরও বাড়িয়ে দিয়েছে, ক্রিকেটকে আরও জনপ্রিয় ও জনসম্পৃক্ত করেছে।

ভারতের ব্রডকাস্ট অডিয়েন্স রিসার্চ কাউন্সিল (বার্ক)-এর মতে, এই প্রবণতা ২০২৩ সালের ইন্ডিয়ান প্রিমিয়ার লিগেও (আইপিএল) দেখা গেছে। যেখানে টিভি দর্শকের সংখ্যা ৫০ কোটি ছাড়িয়ে যায়।

ক্রিকেটের বৈশ্বিক জনপ্রিয়তা যে বাড়ছে তার আরেকটি বড় উদাহরণ অলিম্পিকে এর অন্তর্ভুক্তি। ২০২৮ লস এঞ্জেলেস অলিম্পিকে থাকবে ক্রিকেট। বিপিএল ২০২৪ বাংলাদেশের জন্য নিজস্ব ক্রিকেটীয় প্রতিভা প্রদর্শন করার, আন্তর্জাতিক মনোযোগ আকর্ষণ করার এবং দেশের তরুণদের উৎসাহিত করার মধ্য দিয়ে নতুন প্রজন্মের খেলোয়াড় ও ভক্তদের অনুপ্রাণিত করার একটি অনন্য সুযোগ।



# একটি পরিবেশবান্ধব বাংলাদেশ গড়তে তরুণদের অনুপ্রাণিত করা - এই হবে বিপিএল ২০২৫-এর মূল লক্ষ্য

এবারের বিপিএলের লক্ষ্য সমাজ ও পরিবেশ নিয়ে দায়বদ্ধ একটি টুর্নামেন্ট আয়োজন করা, যার মূলে থাকবে টেকসই ব্যবস্থাপনা। এই টুর্নামেন্ট বর্জি-শূন্য (জিরো ওফেস্ট) অনুশীলনকে প্রাধান্য দেবে। সেটি করতে একক- ব্যবহারের প্লাস্টিক উল্লেখযোগ্য হারে কমাবে, মণি রিসাইকেল করে এবং পরিবেশ-বান্ধব উপকরণ ব্যবহার করে পচনশীল ও পুনরায় ব্যবহারযোগ্য পণ্যের প্রচলন করবে। পরিবেশের ওপর প্রভাব কমানো এবং একটি দায়িত্বশীল ক্রীড়া প্রতিযোগিতা হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করাই এই টুর্নামেন্টের সামগ্রিক লক্ষ্য।

এই লক্ষ্য অনুসরণ করার মাধ্যমে বিপিএল নিজেকে নতুনভাবে আবিষ্কার করবে। এই টুর্নামেন্ট ইতিবাচক পরিবর্তনের একটি প্ল্যাটফর্ম হতে চায়। এটি ভঙ্গ-সমর্থক, খেলোয়াড়, অংশীজন এবং দেশের তরুণ প্রজন্মের সবাইকে টেকসই ব্যবস্থা গ্রহণ করতে এবং দেশের জন্য বাস্তবিক পরিবর্তন আনতে উৎসাহিত করবে।

বিপিএল ২০২৫-এর পরিকল্পনা এমনভাবে করা হয়েছে যাতে করে এটি তরুণদের প্রাণবন্ত উৎসবে পরিণত হতে পারে। যেখানে তরুণ প্রজন্ম তাদের প্রাণশক্তি ও আবেগ প্রদর্শন করবে। এই টুর্নামেন্ট দেশের বিভিন্ন ক্যাম্পাস, গ্রাম এবং জনসাধারণের মাঝে নিজেকে পরিবর্তনের শক্তি হিসাবে উপস্থাপন করতে প্রতিশ্রুতিবদ্ধ। স্থানীয় ও আঞ্চলিক পর্যায়ে সরাসরি সম্পর্কারের অনুষ্ঠানগুলো ভক্তদের মাঝে উৎসবের আমেজ নিয়ে আসবে। এর সঙ্গে থাকবে বাংলাদেশের সংস্কৃতি উদয়াপন করা সংগীত ও নানাপ্রকার খাবারের উৎসব।

প্রতিটি ম্যাচ একটি নির্দিষ্ট জেলায় মনোযোগ আনতে পারে, যার মাধ্যমে স্থানীয় সম্প্রদায় ও ক্রিকেটের মধ্যে একটি অনন্য সংযোগ তৈরি হবে এবং সমর্থকরা ম্যাচ উপভোগ করার সময় তাদের ঐতিহ্যও তুলে ধরতে পারবে।



# বর্জা-শূন্য ক্রিকেট ম্যাচ

যেসব উদ্দোগের মাধ্যমে পরিবেশের প্রতি দায়বদ্ধ টুর্নামেন্টের একটি  
মানদণ্ড স্থাপন করতে চায় বিপিএল ২০২৫:

**একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক কমানো:** পরিবেশবান্ধব এবং পুনরায় ব্যবহারযোগ্য মণি বেছে নেওয়ার  
মাধ্যমে একক-ব্যবহারের প্লাস্টিক উল্লেখযোগ্য হারে কমিয়ে আনবে এই টুর্নামেন্ট। উদাহরণস্বরূপ:  
সকল ভেন্যু এবং গ্যালারীতে খাবার পানির ব্যবস্থা (ওয়াটার ডিসপেন্সার) রাখা হবে।  
দর্শকদের জন্য পানির জগ কেনার ব্যবস্থা রাখা হবে পানি খাওয়ার জন্য কাগজের কাপ সরবরাহ করা হবে,  
যেগুলো পরে বর্জা ব্যবস্থাপনা ব্রিগেড এবং সংস্থাগুলোর সহযোগিতায় রিসাইকেল করা যেতে পারে।

**রিসাইকেল বা পুনর্ব্যবহারের উদ্যোগ:** প্রত্যেক ভেন্যু এবং ফ্যান জোনে রিসাইকেল স্টেশন স্থাপন করা হবে।  
প্লাস্টিক, কাগজ এবং জৈব বাজের জন্য স্পষ্টভাবে চিহ্নিত আলাদা বিন থাকবে। এর মাধ্যমে  
অংশগ্রহণকারীদের মাঝে সঠিকভাবে রিসাইকেল বিন ব্যবহারের অভ্যাস ও সচেতনতা তৈরি হবে।

**ম্যাচ চলাকালে খাবার গ্রহণ:** ম্যাচ চলাকালে 'লাইভ কিচেন' সেবা চালু করা যেতে পারে, অথবা নির্দিষ্ট  
স্টেশনে খাবার সরবরাহ করা যেতে পারে। প্লাস্টিকের পাত্রে কোনো খাবার পরিবেশন করা হবে না। এর বদলে  
পরিবেশবান্ধব প্যাকেজিং ব্যবহার করা হবে। সকল খাবার-সংক্রান্ত বর্জা সংগ্রহ করবে কোনো বর্জা  
ব্যবস্থাপনা ব্রিগেড বা সংস্থা। পরবর্তীতে এসব বর্জ্যকে কম্পোস্ট পরিণত করা যেতে পারে।

**স্টেডিয়ামে ব্যানার ও ফেস্টেন:** স্টেডিয়ামে কোনো প্লাস্টিকের ব্যানার ব্যবহার করা যাবে না। এর বদলে  
বায়োডিগ্রেডেবল বা কাপড়ের ব্যানার ব্যবহারকে উৎসাহিত করা হবে।



# বজ্য-শূন্যতার প্রচার

পরিবেশগত দায়বদ্ধতা এবং জনসাধারণকে উজ্জীবিত করতে, বিপিএল  
২০২৫ যেসব স্থানীয় উদ্যোগকে স্বাগত জানাবে:

**স্টেডিয়াম পরিচ্ছন্নতা ব্রিগেড এবং প্রচারণা:** স্থানীয় জনগণ এবং  
সংকুল সংগঠনসহ বিভিন্ন স্বেচ্ছাসেবক দল ম্যাচের আগে ও পরে পরিচ্ছন্নতা অভিযান চালিয়ে স্টেডি

**স্থানীয় পরিচ্ছন্নতা চ্যালেঞ্জ:** জনসাধারণকে স্থানীয়ভাবে পরিচ্ছন্নতা অভিযান  
পরিচালনায় উৎসাহিত করা হবে। এর মধ্যে সবচেয়ে সফল উদ্যোগকে  
পুরস্কৃত করা হবে।

এছাড়া, প্রতি ম্যাচে একজন ব্যক্তি বা একটি সংগঠনকে পরিবেশবান্ধব কর্মসূচি  
পরিচালনার জন্য চ্যাম্পিয়ন হিসেবে ঘোষণা করা হবে। এসব ব্যক্তি বা সংগঠনকে  
খুঁজে বের করার ক্ষেত্রে বাংলাদেশ সরকারের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন  
মন্ত্রণালয়ের সহযোগিতা চাইবে বিপিএল ২০২৫। ম্যাচে স্ট্র্যাটেজিক টাইমআউট  
চলাকালে এমন ব্যক্তি ও সংগঠনকে স্বীকৃতি দেবে বাংলাদেশ ক্রিকেট বোর্ড।



# খেলাধুলার মাধ্যমে অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক সুযোগ

অংশীদারিত্ব, ক্রয় বাজেট এবং উদ্যোগের মাধ্যমে সামাজিক  
দায়বদ্ধতাকে অগ্রাধিকার দেবে বিপিএল ২০২৫:

টুর্নামেন্টের সাম্প্রাহি চেইন স্থানীয় সামাজিক ব্যবসাগুলোর সঙ্গে মিলে নৈতিক  
অনুশাসন মনে কর্মসূচি দেবো। এতে করে টুর্নামেন্টের অর্থনৈতিক সুবিধা স্থানীয়  
জনগণের কাছে পৌঁছাবে।


বিপিএল ২০২৫ একটি সামাজিক ক্রয় কৌশল বাস্তবায়ন করবে। টুর্নামেন্টের মোট  
ক্রয় বাজেটের এক অংশ সামাজিক ও পরিবেশগত দায়বদ্ধতা মনে চলে এমন  
ব্যবসাগুলোকে দেওয়া হবে। এর ফলে স্থানীয় অর্থনীতিতে টেকসই অভীষ্ট  
লক্ষ্যমাত্রাকে (এসডিজি) অগ্রাধিকার দেয়। এমন উদ্যোগগুলোকেও সাহায্য করবে  
এই টুর্নামেন্ট। সামাজিক ব্যবসা এবং নারী-নেতৃত্বাধীন ব্যবসার সঙ্গে অংশীদারিত্ব  
করে বিপিএল ২০২৫ তার পরিসরকে অনেক বড় করতে পারে। এতে জনসাধারণের  
সামগ্রিক কল্যাণে অবদান রাখার পাশাপাশি অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিকে  
উৎসাহিত করা হবে।



## দলের জার্সি

এবাবের বিপিএলে প্রতিটি ফ্র্যাঞ্চাইজিকে টেকসই উপকরণ এবং নৈতিক উৎপাদন পদ্ধতি ব্যবহার করে দলের জার্সি, কিট এবং মণ্ড্রবা তৈরিতে উৎসাহিত করা হবে। খেলাধুলার পোশাকের পরিবেশগত ক্ষতি কমানো এবং ফ্যাশন শিল্পে টেকসই ব্যবস্থাপনা আনাই এই উদ্যোগের লক্ষ্য।

- টেকসই উপকরণ:** জার্সি তৈরির ক্ষেত্রে মানির ব্যবহার এবং রাসায়নিক দূষণ কমায় এমন উপকরণ—যেমন জৈব তুলা, মুনর্ব্ববহৃত পলিয়েস্টার বা অন্যান্য পরিবেশ-বান্ধব টেক্সটাইল ব্যবহার করতে পারে ফ্র্যাঞ্চাইজিগুলো। যেমন ফেলে দেওয়া প্লাস্টিকের বোতল থেকে তৈরি মুনর্ব্ববহৃত পলিয়েস্টার জার্সির গুণমান এবং কার্যকারিতা বজায় রাখে, আবার সার্ভিকভাবে বর্জা হ্রাস করতেও সাহায্য করে।
- নৈতিক উৎপাদন:** টেকসই উপকরণের পাশাপাশি ন্যায্য শ্রম—যেমন শ্রমিকদের সঙ্গে নৈতিক আচরণ ও ন্যায্য বেতন দেওয়ার অনুশীলন করে এমন নির্মাতাদের সঙ্গে অংশীদারিত্বের আহ্বান জানানো হবে ফ্র্যাঞ্চাইজিগুলোকে। এমন প্রতিশ্রুতি কেবল স্থানীয় অর্থনীতিকেই সাহায্য করবে না, সাথে টুর্নামেন্টের সামাজিক দায়বদ্ধতাও বাড়াবে।
- সচেতনতা বাড়ানোর ক্যাম্পেইন:** মাঠে টেকসই জার্সি ব্যবহারের পাশাপাশি খেলাধুলায় টেকসই ব্যবস্থাপনার গুরুত্ব তুলে ধরে প্রচারণা চালাতে পারে বিপিএল। মছন্দমাফিক পরিবেশগত ও সামাজিক প্রভাব তুলে ধরে ফ্র্যাঞ্চাইজিগুলো মাঠের বাইরেও সচেতন সিদ্ধান্ত নিতে ভক্তদের অনুপ্রাণিত করতে পারে। টেকসই জার্সি তৈরির মাধ্যমে বিপিএল ২০২৫ মাঠের পোশাকে পরিবেশগত দায়বদ্ধতার একটি নজির স্থাপন করবে, যা সামাজিক ও পরিবেশগত মূল্যবোধের প্রতি টুর্নামেন্টের প্রতিশ্রুতিকে আরও জোরদার করবে।





# দেশব্যাপী ক্যাম্পাস ৩ কমিউনিটিতে তারুণ্যের উৎসব

বিপিএল ২০২৫ হবে

সাং

সংকৃতিক, প্রযুক্তি, সূজনশীলতা এবং বিনোদনের একটি ইভেন্ট যা দেশজুড়ে বিভিন্ন জা

**ফ্যান জোন সাংস্কৃতিক উৎসব:** বিভিন্ন ফ্যান জোন এতিহ্যবাহী খাবারের স্টল থাকবে। এর মাধ্যমে আঞ্চলিক রান্নার পরিচিতি ও স্থানীয় ব্যবসার প্রচার করা হবে, যা দেশীয় সাংস্কৃতিক ঐতিহ্যকে তুলে ধরবে।

**স্থানীয় শিল্প প্রদর্শনী:** ফ্যান জোনগুলোতে দেশী শিল্পীদের সৃষ্টিশীলতা প্রদর্শনের জন্য শিল্প প্রদর্শনী আয়োজন করা হবে। এটি অনেক শিল্পীকে স্থানীয় জনগোষ্ঠীর সঙে যুক্ত হওয়ার সুযোগ করে দেবে এবং একই সঙ্গে ঐতিহ্যবাহী ও আধুনিক শিল্পের উদয়াপন হবে।

**বিপিএল-থিমের আর্ট, পোস্টার ও টি-শার্ট প্রতিযোগিতা:** অংশগ্রহণ বাড়াতে তরুণ শিল্পীদের কাছে বিপিএল এবং জুলাই বিপ্লব নিয়ে সৃষ্টিশীল কাজ জমা দেওয়ার আহ্বান জানানো হবে।



# তরুণদের জন্য আরও ক্রীড়া কার্যক্রম

বিপিএল ২০২৫ বিভিন্ন কমিউনিটি এনগেজমেন্টের মাধ্যমে তরুণদের  
মধ্যে খেলাধুলা প্রসারের চেষ্টা করবে:

**তরুণদের জন্য স্থানীয় ক্রিকেট টুর্নামেন্ট:** জেলায়, উপজেলায়  
সংকুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোতে আন্তঃস্কুল, আন্তঃকলেজ ও আন্তঃবিশ্ববিদ্যালয়

**কমিউনিটি ক্রিকেট ক্লিনিক:** অভিজ্ঞ কোচ ও প্রাক্তন প্রেশাদার  
খেলোয়াড়ো ব্যাটিং, বোলিং ও ফিটনেসের মতো গুরুত্বপূর্ণ ক্রিকেট দক্ষতা  
শেখাতে হাতে-কলমে প্রশিক্ষণ দিবেন। এই ক্লিনিকগুলো স্থানীয় পার্ক ও  
সংকুলের মাঠে অনুষ্ঠিত হবে, যা সকল তরুণের জন্য ক্রিকেটকে আরও অন্তর্ভুক্তিমূলক



এসো দেশ  
বদলাই,  
পৃথিবী  
বদলাই

#তরুণের উৎসব



তরুণের  
উৎসব ২০২৫


নতুন বাংলাদেশ  
গড়ার লক্ষ্য

## প্রচারণার কৌশল

**ফ্যান এনগেজমেন্ট ও টেকসই ব্যবস্থাপনা:** ভক্তদের মাঝে যোগাযোগ বাড়ানো এবং 'জিরো ওয়েস্ট জোন'-এর উপর জোর দিতে হবে।

**বহুমুখী প্রচার মাধ্যম:** এবাড় দ্য লাইন (এটিএল), বিলো দ্য লাইন (বিটিএল), ফ্রি দ্য লাইন (টিটিএল), ডিজিটাল ও পিআর চ্যানেল ব্যবহার করতে হবে।

**উচ্চ দৃশ্যমানতা:** স্থানীয় ও আন্তর্জাতিক মিডিয়ায় শক্তিশালী উপস্থিতি নিশ্চিত করা, সাথে সামাজিক যোগাযোগমাধ্যম ভিত্তিক ইভেন্ট, পরিবেশগত গেমস এবং বিনোদনমূলক অনুষ্ঠান আয়োজন।




## ব্র্যান্ডিং ও থিম সং

এবাবের বিপিএলের তাক্রণ্যের চেতনা ও বাংলাদেশের  
সাং

সংকৃতিক বৈচিত্র্যকে তুলে ধরে স্থানীয় শিল্পীদের নির্মিত একটি হাই-এনার্জি থিম সং বানানে  
ও ব্যবহার করতে পাবে সেটি নিশ্চিতে একটি ব্র্যান্ড কিটও তৈরি করা হবে  
। এর মাধ্যমে সবাই তাদের নিজস্ব উপায়ে বিপিএলের সমর্থন ও  
উদ্যাপনে শরিক হতে পারবে।

সকল ইভেন্ট, ট্রোন্মেন্ট এবং উৎসব সম্পর্কিত কার্যক্রমের জন্য  
বিপিএলের লোগোটি বিসিবির ওয়েবসাইট থেকে ডাউনলোড করে  
ব্যবহার করা যাবে।



## প্রচার পর্ব

পর্ব	কর্মসূচি	সময়কাল
সচেতনতা তৈরি	<ul style="list-style-type: none"> <li>ইভেন্ট থিম লক্ষ - 'গ্রাফিতি': পিআর, সামাজিক যোগাযোগমাধ্যম এবং ইউটিউবের মাধ্যমে বিপিএল ২০২৪'এর গ্রাফিতি-থিমযুক্ত ব্র্যান্ড উন্মোচন।</li> <li>মাসকট এবং থিম সং লক্ষ: সামাজিক যোগাযোগমাধ্যম এবং টিভিতে মাসকটটি উন্মোচন এবং স্থানীয় শিল্পীদের নিয়ে একটি থিম সং প্রকাশ।</li> <li>ট্রফি ও মাসকট সফর, প্রেস কনফারেন্স, টিকিট টিজার: ট্রফি সফর, প্রেস কনফারেন্স এবং টিকিট লঞ্চের সঙ্গে ভক্তদের ঘৃত্যক করা।</li> </ul>	৫ নভেম্বর - ২৯ ডিসেম্বর, ২০২৪
টিকিট পর্ব	<ul style="list-style-type: none"> <li>অনলাইন টিকিট বিক্রি এবং আর্লি বার্ড প্রমোশন: ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে বিশেষ আর্লি বার্ড ছাড় অফার করা।</li> <li>বর্জ্য-শূন্য ক্রীড়াঙ্গন ঘোষণা এবং বিশেষ টিকিট: টেকসই অনুশীলন প্রচার করা।</li> </ul>	পহেলা ডিসেম্বর থেকে শুরু
টুর্নামেন্ট-পূর্ব কর্মসূচি	<ul style="list-style-type: none"> <li>ফ্যান কনটেক্ট ও থিম সং রিলস ক্যাম্পেইন: ইকো-ফ্রেন্ডলি চ্যালেঞ্জ ও প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ভক্তদের আমন্ত্রণ জানানো। যেমন, ইটফরএনভায়রনমেন্ট চ্যালেঞ্জ।</li> <li>বিলবোর্ড এবং আউটডোর প্রচারণা: প্রধান শহরগুলোতে আউটডোর বিজ্ঞাপন প্রচারের ব্যবস্থা।</li> </ul>	৫ - ২৯ ডিসেম্বর, ২০২৪ জেলা, উপজেলা পর্যায়ে সমান গুরুত্ব দিয়ে প্রচারণা চালানো হবে।

## প্রচার পর্ব

পর্ব	কর্মসূচি	সময়কাল
টুর্নামেন্ট-পূর্ব কর্মসূচি	<ul style="list-style-type: none"> <li>ব্যবসায়ী কর্মকাণ্ড এবং গানের কনসার্ট: বিভিন্ন স্টোরে মার্চেন্ডাইজ বিক্রি এবং কনসার্টের আয়োজন করা। প্রতিটি মণি নতুন বাংলাদেশের গল্প বলবে, স্থানীয় শিল্পীদের প্রসার এবং সবুজ...</li> </ul>	৫ - ২৯ ডিসেম্বর, ২০২৪ জেলা, উপজেলা পর্যায়ে সমান শুরুত্ব দিয়ে প্রচারণা চালানো হবে।
টুর্নামেন্ট উদ্বোধন	<ul style="list-style-type: none"> <li>উদ্বোধনী অনুষ্ঠান ও কনসার্ট: টুর্নামেন্ট শুরুর আগে স্থানীয় এবং আন্তর্জাতিক শিল্পীদের সমন্বয়ে একটি বড় কনসার্ট।</li> <li>ট্রেফিসহ টিম ফটোগুট: ...</li> </ul>	২৭ - ৩০ ডিসেম্বর, ২০২৪
টুর্নামেন্ট চলাকালীন কর্মসূচি	<ul style="list-style-type: none"> <li>ম্যাচ হাইলাইটস এবং ফ্যান জোন: ম্যাচ হাইলাইটস শেয়ার করা এবং সারা দেশে ফ্যান জোন স্থাপন করা।</li> <li>ভেন্যুতে ফ্যান এনগেজমেন্ট: ম্যাচ চলাকালে কুইজ এবং উপহার দিয়ে ভক্তদের আকৃষ্ণ করা।</li> <li>আইডিয়া বাজার: একটি অনলাইন প্ল্যাটফর্ম তৈরি করা যেতে পারে যেখানে ভক্তরা দেশের খেলাধূলায় উন্নতি আনতে তাদের পরামর্শ ও পরিকল্পনা দেবে। অন্যরা এখান থেকে আইডিয়া নিয়ে সেগুলো বাস্তবায়ন করতে পারে। খেলা নিয়ে আলোচনা করার জন্য...</li> </ul>	৩০ ডিসেম্বর, ২০২৪ - ৮ ফেব্রুয়ারি, ২০২৫

## প্রচার পর্ব

পর্ব	কর্মসূচি	সময়কাল
মিড টুর্নামেন্ট ক্যাম্পেইন	<ul style="list-style-type: none"><li>মিড-টুর্নামেন্ট ক্যাম্পেইন এবং কালচারাল নাইট: বড় ম্যাচগুলো হাইলাইট করে একটি কেন্দ্রীয় স্থানে বিদেশী খেলোয়াড়দের জন্য একটি বিশেষ অনুষ্ঠানের মাধ্যমে বাংলাদেশী সংস্কৃতি উদযাপন। একইসঙ্গে স্থানীয় উদ্যোগে সারাদেশে ইয়ুথ ফেস্ট অনুষ্ঠিত হবে।</li></ul>	১৫ - ২৫ জানুয়ারি, ২০২৪
ফাইনাল প্রমোশন	<ul style="list-style-type: none"><li>ফাইনাল ম্যাচ কাউন্টডাউন: প্রেস ম্যাচের আগে সকল চ্যানেলে চূড়ান্ত প্রমোশন।</li><li>পুরস্কার বিতরণী এবং গ্র্যান্ড সমাপনী: একটি পুরস্কার বিতরণী অনুষ্ঠান ও লেজার শোয়ের মাধ্যমে টুর্নামেন্টের সমাপ্তি।</li></ul>	১ - ৮ ফেব্রুয়ারি, ২০২৪

## উপসংহার

‘নতুন বাংলাদেশের লক্ষ্য তারুণ্যের উৎসব’ গড়ে তুলতে একটি জাতীয়  
কাঠামো প্রদান করবে বিপিএল ২০২৫। এই টুর্নামেন্ট জাতীয় ঐকা,  
টেকসই ব্যবস্থাপনা ও আমাদের  
সাং  
সংকৃতিক গর্বকে উদযাপন করবে। যার মাধ্যমে সমর্থকরা বৈচিত্র্য ও সংস্কৃতিকে আলি-

**“এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই”** এই বাক্যটি প্রতিটি কাজে  
প্রধানভাবে উল্লেখ করতে হবে, প্রচারণায় বারে বারে ব্যবহার করতে হবে,  
মানুষের/তরুণদের মুখে মুখে ছড়িয়ে দিতে হবে। একে নিয়ে মজার চিউন  
সৃষ্টি করতে হবে। সকল প্রচারণায় ব্যবহার করতে হবে। এটাই হবে এই  
উৎসবের প্রধান বক্তব্য।



# এসা দেশ বদলাই, পৃথিবী বদলাই



#তারুণ্যের উৎসব #নতুন বাংলাদেশ

